**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date : 21.05.2026** **Desk in Charge : S.D.G.**

**Time: 7-35 AM** **Edit &Compile : Priya B.**

**DEO : KB** **NRT : Priya Biswakarma**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>

১/ কড়া নিরাপত্তায়, দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে পুনর্নির্বাচনে আজ ভোট নেওয়া হচ্ছে।

২/ সংশোধিত নাগরিকত্ব আইন-CAA-র আওতায় রাজ্যে, অবৈধ বাংলাদেশি অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে, ফেরত পাঠানোর প্রক্রিয়া শুরু হয়েছে। # ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণে BSF-এর হাতে বকেয়া জমি হস্তান্তর শুরু করেছে রাজ্য সরকার।

৩/ পাকিস্তানের হয়ে গুপ্তচর বৃত্তির অভিযোগে কলকাতার বাসিন্দা এক ব্যক্তিকে NIA গ্রেপ্তার করেছে।

৪/ কেন্দ্র ও রাজ্যের বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ একাধিক জেলার প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন।

৫/ কলকাতার ‘গার্ডেনরিচ শিপ বিল্ডারস এন্ড ইঞ্জিনিয়ারস লিমিটেড’, তাদের প্রথম নেক্সট জেনারেশন অফশোর পেট্রোল ভেসেল- ‘সংঘমিত্রা’ তৈরি করেছে।

৬/ ISL ফুটবল আজ শেষ হচ্ছে। # ইস্টবেঙ্গল ও ইন্টার কাশি এবং মোহনবাগান সুপারজায়ান্ট ও স্পোর্টিং ক্লাব দিল্লি মুখোমুখি হবে।

*************************************************************************

কড়া নিরাপত্তায়, দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে পুনর্নির্বাচনে আজ ভোট নেওয়া হচ্ছে। ২৮৫ টি বুথে ভোট গ্রহণ চলবে সন্ধ্যে ছটা পর্যন্ত।

একটি প্রতিবেদন- ( ভিসি- গৌতম )

*************************

সংশোধিত নাগরিকত্ব আইন-CAA-র আওতায় রাজ্যে, অবৈধ বাংলাদেশি অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে, ফেরত পাঠানোর প্রক্রিয়া শুরু হয়েছে।

নবান্নে সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য BSF-কে জমি হস্তান্তরের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, যারা CAA-র অন্তর্ভুক্ত নন, তাঁদের গ্রেপ্তার করে সরাসরি তুলে দেওয়া হবে BSF-এর হাতে। এরপর বাংলাদেশের সীমান্ত রক্ষী BGB-র সঙ্গে কথা বলে তাঁদের দেশ থেকে বের করে দেওয়ার ব্যবস্থা করা হবে। অর্থাৎ, 'ডিটেক্ট-ডিলিট এবং ডিপোর্ট'- এই পদ্ধতিতে কাজ হবে বলে মুখ্যমন্ত্রী জানান। তিনি আরো বলেন, ধর্মীয় নিপীড়নের শিকার হয়ে ২০২৪-এর ৩১শে ডিসেম্বর পর্যন্ত বাংলাদেশ, পাকিস্তান ও আফগানিস্থান থেকে এরাজ্যে এসেছেন এরকম সাতটি সম্প্রদায়ের মানুষ, CAA-এর আওতাভুক্ত। তাঁদের বিরুদ্ধে কোনো পদক্ষেপ নেওয়া হবে না। ( বাইট- শুভেন্দু CAA )

রাজ্যের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর।

*************************

রাজ্য সরকার দীর্ঘ জটিলতা শেষে, ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণে BSF-এর হাতে বকেয়া জমি হস্তান্তর শুরু করেছে।

নবান্নে গতকাল মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে সীমান্তরক্ষী বাহিনীর হাতে আনুষ্ঠানিকভাবে জমি তুলে দেওয়ার প্রক্রিয়া শুরু হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, পূর্ববর্তী সরকারের 'অসহযোগিতা'র কারণেই সীমান্ত সুরক্ষা দীর্ঘদিন বাধাপ্রাপ্ত হয়েছিল। নতুন সরকার ক্ষমতায় আসার দু'সপ্তাহের মধ্যেই সেই প্রক্রিয়া শুরু হয়েছে।

তিনি বলেন, ভারত-বাংলাদেশ সীমান্তের মোট দৈর্ঘ্য প্রায় ৪ হাজার কিলোমিটার। তার মধ্যে পশ্চিমবঙ্গেই রয়েছে প্রায় ২'হাজার ২০০ কিলোমিটার সীমান্ত। বর্তমানে প্রায় ১'হাজার ৬০০ কিলোমিটারে কাঁটাতারের বেড়া থাকলেও, প্রায় ৬০০ কিলোমিটার এলাকায় ফেন্সিং বাকি রয়েছে। এর মধ্যে আপাতত ২৭ কিলোমিটার এলাকার জন্য

প্রয়োজনীয় জমি BSF-এর হাতে তুলে দেওয়া হচ্ছে। এর মধ্যে রয়েছে ১৮ কিলোমিটার ফেন্সিং এলাকা এবং আরও ৯ কিলোমিটার বর্ডার আউটপোস্ট ও BSF পরিকাঠামো তৈরির জমি। তিনি বলেন, জমি ক্রয়ের সম্পূর্ণ অর্থ ভারত সরকার এবং BSF দিচ্ছে।

অনুষ্ঠানে উপস্থিত BSF-এর মহা নির্দেশক প্রবীণ কুমার রাজ্য সরকারের ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন, দীর্ঘদিন ধরে সীমান্ত এলাকায় কাজ করতে গিয়ে রাজ্য সরকারের সহযোগিতার প্রয়োজন অনুভূত হচ্ছিল। নতুন সরকারের আমলে সেই সহযোগিতা মিলছে।

************************

পাকিস্তানের হয়ে গুপ্তচর বৃত্তির অভিযোগে কলকাতার বাসিন্দা এক ব্যক্তিকে NIA গ্রেপ্তার করেছে। ধৃত জাফর রিয়াজ ওরফে রিজভি, পাক গোয়েন্দাদের কাছে নিরাপত্তা সংক্রান্ত গোপন তথ্য পাচার করতো বলে অভিযোগ। তার বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতা, অফিসিয়াল সিক্রেটস অ্যাক্ট এবং UAPA ধারায় মামলা রুজু করে তদন্ত করছে এনআইএ।

২০০৫ সাল থেকে জাফর একাধিকবার পাকিস্তানে গিয়েছে বলে জানা গেছে। সেদেশের গোয়েন্দাকে ভারতীয় মোবাইল নম্বরের সাহায্যে হোয়াটসঅ্যাপ ব্যবহার করতে সহায়তা করেছিল সে। এই চক্রে আরও অনেকে জড়িত বলে তদন্তে উঠে এসেছে।

************************

কেন্দ্র ও রাজ্যের বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি, আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ দুটি জেলায় প্রশাসনিক আধিকারিক ও জনপ্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন।

সকালে হাওড়া জেলাশাসকের অফিসে জেলাশাসক, জেলা পুলিশ সুপার এবং পুলিশ কমিশনারদের পাশাপাশি, নবনির্বাচিত বিধায়কদের সঙ্গে কথা বলবেন তিনি। এর আগে বেলুড় মঠ যাবেন মুখ্যমন্ত্রী।

দুপুরে পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া, দুই বর্ধমানের জেলা প্রশাসনিক আধিকারিক ও বিধায়কদের সঙ্গে পর্যালোচনা বৈঠকের কর্মসূচী রয়েছে তাঁর। এর আগে গতকাল শিলিগুড়ির উত্তরকন্যায় প্রশাসনিক বৈঠক করেন মুখ্যমন্ত্রী।

************************

আজকের প্রসঙ্গে আজ শুনবেন "বাংলা সিনেমা: সাদাকালো আবেগ থেকে ডিজিটাল বাস্তবতার পথে" এই বিষয়ে একটি আলোচনা। চিত্রপরিচালক অশোক বিশ্বনাথনের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত ৮ টায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা ও সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

************************

কলকাতার 'গার্ডেনরিচ শিপ বিল্ডার্স এন্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড', তাদের প্রথম নেক্সট জেনারেশন অফশোর পেট্রোল ভেসেল সংঘমিত্রা তৈরি করেছে। সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে ভারতীয় নৌ বাহিনীর জন্য তৈরি এই অত্যাধুনিক এই জাহাজের উদ্বোধনী অনুষ্ঠানে গতকাল প্রধান অতিথি উপস্থিত ছিলেন ভাইস অ্যাডমিরাল সঞ্জয় বৎসায়ন। চলতি বছরের মধ্যে আরও তিনটি এই ধরনের ভেসেল তৈরির কাজ শেষ হবে বলে সংস্থার তরফে জানানো হয়েছে।

উপকূলীয় এলাকায় নজরদারি চালাতে বিশেষ সহায়ক হবে এই জাহাজ। জলসম্পদ রক্ষা, বিপর্যয়ে উদ্ধার কাজ চালাতে, জলদস্যু এবং অনুপ্রবেশ বিরোধী অভিযান, চোরাশিকারি ও পাচারকারীদের রুখতেও চতুর্থ প্রজন্মের এই জাহাজ কাজ করবে। প্রচলিত পেট্রোল ভেসেলগুলোর তুলনায় এটি অনেক বেশি উন্নত এবং এতে অত্যাধুনিক ফায়ার পাওয়ার বা যুদ্ধাস্ত্র ব্যবস্থা রয়েছে। ঘন্টায় সর্বোচ্চ ৪২ কিলোমিটারের বেশি গতিবেগে ছুটতে সক্ষম এটি।

************************

রাজ্য সরকারি কর্মীদের সংবাদমাধ্যমের কাছে বক্তব্য রাখা ও তথ্য বা নথি প্রকাশের ক্ষেত্রে কড়া নির্দেশিকা জারি করেছে নবান্ন। মুখ্যসচিব মনোজ কুমার আগরওয়ালের জারি করা ওই নির্দেশিকায় বলা হয়েছে, 'অল ইন্ডিয়া সার্ভিস', 'রাজ্য সিভিল সার্ভিস', 'পুলিশ সার্ভিস'-সহ অন্য সরকারি কর্মীরা, সরকারের অনুমতি ছাড়া কোনও মিডিয়া অনুষ্ঠানে অংশ নিতে পারবেন না। সংবাদমাধ্যমে কোনও সরকারি নথি, তথ্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রকাশেও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

এছাড়াও সংবাদপত্র বা সাময়িকীতে লেখা, টিভি বা রেডিয়ো আলোচনায় অংশগ্রহণ, সরকার বা সরকারি নীতি বিষয়ে সমালোচনামূলক মন্তব্যের ক্ষেত্রেও বিধিনিষেধ আরোপ

করা হয়েছে। কেন্দ্র, অন্য রাজ্য বা অন্য রাষ্ট্রের সঙ্গে সম্পর্কের অবনতি ঘটতে পারে, এমন কোনও মন্তব্য করা থেকে বিরত থাকতে হবে।

এই নির্দেশিকা ইতমধ্যেই সব দফতর, জেলা ও পুলিশ প্রশাসনের কাছে পাঠানো হয়েছে।

**********************

রাজ্যের সব মাদ্রাসায় এবার ক্লাস শুরুর আগে প্রার্থনা সংগীত হিসেবে ‘বন্দে মাতরম’ বাধ্যতামূলক করেছে রাজ্য সরকার। মাদ্রাসা শিক্ষা দপ্তরের তরফে নির্দেশিকা জারি করে একথা জানানো হয়েছে। সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের অধীনস্থ মাদ্রাসাগুলিতে আগের নির্দেশিকা ও রীতির বদলে এখন থেকে প্রার্থনার সময়, বন্দেমাতরম গাইতে হবে ছাত্রছাত্রীদের।

**********************

জাতীয় শিক্ষানীতি সহ, শিক্ষার উৎকর্ষে কেন্দ্রীয় সরকারের সমস্ত গুরুত্বপূর্ণ প্রকল্প এবার এরাজ্যেও কার্যকর হবে। নবান্নে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে বৈঠকের পর কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানান, দীর্ঘদিন ধরে শিক্ষা ক্ষেত্রে রাজ্যে যে সমস্ত কেন্দ্রীয় প্রকল্প সঠিকভাবে বাস্তবায়িত হয়নি, নতুন সরকার সেগুলি দ্রুত চালুর সিদ্ধান্ত নিয়েছে। তিনি অভিযোগ করেন, পূর্বতন সরকার আরইউএসএ প্রকল্পের ক্ষেত্রেও অধিকাংশ ইউটিলাইজেশন সার্টিফিকেট জমা দেয়নি। এমনকি দ্বিতীয় পর্যায়ে ১১১টি প্রকল্পের মধ্যে মাত্র দু’টির কাজ এগিয়েছিল।

**********************

সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলে কেন্দ্রের 'বিদ্যাঞ্জলী' প্রকল্প চালু করতে চলেছে রাজ্য সরকার। এই প্রকল্পে স্কুলগুলিতে শিক্ষার মান ও পরিকাঠামো উন্নয়নের জন্য বেসরকারি ক্ষেত্রকে অংশগ্রহণ করার সুযোগ দেওয়া হয়।

রাজ্যের শিক্ষা দপ্তরের অধীনস্থ পশ্চিমবঙ্গ সমগ্র শিক্ষা মিশন, এই প্রকল্প চালুর জন্য জেলার প্রাথমিক ও মাধ্যমিক স্কুল পরিদর্শকদের নির্দেশিকা পাঠিয়েছে। বিদ্যাঞ্জলী প্রকল্পে একদিকে স্বেচ্ছাসেবক ও বেসরকারি ক্ষেত্র তাদের জ্ঞান, দক্ষতা ভাগ করে

নিতে পারবে। অন্যদিকে, স্কুলগুলিতে বিভিন্ন উপকরণ বা সরঞ্জাম দিয়ে সার্বিক পরিকাঠামো উন্নয়নেও সহযোগিতা করা যাবে।

নির্দেশিকা অনুযায়ী, কোনো স্বেচ্ছাসেবক বা বেসরকারি সংস্থা আগ্রহ প্রকাশ করলে সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষ তাদের যোগ্যতা এবং প্রদত্ত সামগ্রীর মান যাচাই করবে।
যদিও প্রথম থেকেই সরকার রাজ্যের শিক্ষা ব্যবস্থায় বেসরকারি ক্ষেত্রকে জুড়ে দিতে চাইছে বলে অভিযোগ করেছেন বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির সাধারণ সম্পাদক স্বপন মন্ডল।

**********************

উচ্চ মাধ্যমিকের ফল প্রকাশের পর পরীক্ষার্থীদের কোথায় ঘাটতি রয়েছে, তা চিহ্নিত করতে স্কুলভিত্তিক ফলাফল পর্যালোচনা করেছে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ। 'বক্স প্লট' নামে বিজ্ঞানসম্মত পদ্ধতির মাধ্যমে স্কুলের ফলাফল বিশ্লেষণ করা হয়েছে। নির্দিষ্ট পোর্টালে সেই ফলাফল দেখে ১৫ই জুনের মধ্যে স্কুলগুলিকে রিপোর্ট পাঠাতে বলেছে সংসদ।
সংসদের সভাপতি পার্থ কর্মকার জানান, পরীক্ষার্থীরা কোন বিষয়ে কম নম্বর পেয়েছেন, কোথায় ঘাটতি আছে, তা দেখে খামতি পূরণের জন্য বিশেষ ক্লাস করাতে হবে। যেসব ক্ষেত্রে পরীক্ষার্থীদের নম্বর অত্যন্ত কম, সেখানে শিক্ষকদের পড়ানোর পদ্ধতি খতিয়ে দেখতে হবে। প্রয়োজনে শিক্ষকদের জন্য বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। ভালো নম্বর পাওয়া পরীক্ষার্থীদের সঙ্গে পিছিয়ে পড়া পরীক্ষার্থীদের গ্রুপ স্টাডি, সহজ মডিউলে ভাগ করে গঠনমূলক মূল্যায়নের উপর জোর দেওয়া হয়েছে।

**********************

ISL ফুটবল আজ শেষ হচ্ছে। চ্যাম্পিয়ন হওয়ার দৌড়ে রয়েছে ইস্টবেঙ্গল ও মোহনবাগান সুপারজায়ান্ট। যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল আজ তাদের শেষ ম্যাচে ইন্টার কাশির বিরুদ্ধে খেলবে। অন্যদিকে, সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপার জায়ান্ট খেলবে, স্পোর্টিং ক্লাব দিল্লির বিরুদ্ধে। দুটি খেলাই শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

**********************

ইডেনে IPL ক্রিকেট ম্যাচে গতকাল কলকাতা নাইট রাইডার্স, মুম্বাই ইন্ডিয়ান্সকে চার উইকেটে হারিয়ে ‘প্লে অফে’ লড়াই-এর আশা বাঁচিয়ে রেখেছে।

****************************************************************************